



স্মারক নং-০৫.০০.০০০০.২০০.২৯.০০১.২০.১৩৪

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

পরিপত্র

বিষয়: অনলাইন প্রশিক্ষণ নির্দেশিকা, ২০২১।

১. শিরোনাম ও প্রবর্তন

এ নির্দেশিকা 'অনলাইন প্রশিক্ষণ নির্দেশিকা, ২০২১' নামে অভিহিত হবে। এই নির্দেশিকা গেজেট প্রকাশের তারিখ থেকে কার্যকর হবে এবং এই নির্দেশিকায় বর্ণিত পরিস্থিতিতে প্রযোজ্য হবে।

২. সংজ্ঞার্থ

- i. দূরশিক্ষণ (Distance Learning) : একটি আনুষ্ঠানিক শিক্ষাদান প্রক্রিয়া যেখানে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের পারস্পরিক মিথস্ক্রিয়াসহ কোর্সের অধিকাংশ কার্যক্রম সংঘটিত হওয়ার সময় প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীগণ একই জায়গায় অবস্থান করেন না। যুগপৎ শিক্ষণ (Synchronous Learning) এবং অসমন্বিত শিক্ষণ (Asynchronous Learning) দূরশিক্ষণ কার্যক্রমের অন্তর্ভুক্ত;
- ii. যুগপৎ শিক্ষণ (Synchronous Learning) : প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীগণ একই সময়ে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন;
- iii. অসমন্বিত শিক্ষণ (Asynchronous Learning) : প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীগণ ভিন্ন ভিন্ন সময়ে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন;
- iv. অনলাইন প্রশিক্ষণ (Online Training) : দূরশিক্ষণ প্রক্রিয়া অনুসরণপূর্বক আয়োজিত 'Public Administration Training Policy'-এর আওতাভুক্ত প্রশিক্ষণ;
- v. সরকারি দপ্তর : কোনো আইন, বিধি বা সরকারি আদেশবলে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারের মালিকানা বা নিয়ন্ত্রণাধীন কোনো প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ;
- vi. সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান : কোনো মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বা নিয়ন্ত্রণাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠান;
- vii. মিশ্র পদ্ধতিতে প্রশিক্ষণ (Blended Training) : আংশিক সশরীরে প্রশিক্ষণ সেশনে উপস্থিত হয়ে এবং আংশিক অনলাইন প্রক্রিয়ায় অনুষ্ঠিত প্রশিক্ষণ;
- viii. বিশেষ পরিস্থিতি : নিম্নরূপ পরিস্থিতিসমূহ বিশেষ পরিস্থিতি হিসেবে বিবেচিত হবে-
(ক) 'দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২'-এর আওতায় যে সময়ের জন্য 'দুর্গত এলাকা' হিসাবে ঘোষিত হয়;
(খ) 'সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮' এর আওতায় যে সময়ের জন্য 'সংক্রামিত এলাকা' হিসেবে ঘোষিত হয়; এবং
(গ) সরকার কর্তৃক ঘোষিত অন্য এমন কোনো বিশেষ পরিস্থিতি যখন প্রচলিত পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদানের সুযোগ থাকে না অথবা সীমিত হয়ে পড়ে।
- ix. স্বাভাবিক পরিস্থিতি : বিশেষ পরিস্থিতি চলমান নয় এবং সরাসরি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করা সম্ভব এরূপ পরিস্থিতিকে স্বাভাবিক পরিস্থিতি হিসাবে গণ্য করা হবে।